

সরিষাবাড়ীতে বখাটের উৎপাত পরীক্ষা দেওয়া হলো না জেএসসি পরীক্ষার্থীর

■ সরিষাবাড়ী (জামালপুর) প্রতিনিধি
সরিষাবাড়ীতে গতকাল রোববার সকালে রাত্তায় আটকে রেখে উত্ত্যক্ত করায় পরীক্ষা দেওয়া হলো না জেএসসি পরীক্ষার্থীর। সরিষাবাড়ী সালেমা খাতুন উচ্চ বালিকা বিদ্যালয়ের জেএসসির গণিত পরীক্ষা দিতে আসার পথে পৌরসভার বলারদিয়ার গ্রামের রাত্তায় এ ঘটনা ঘটে। শিক্ষার্থীর অভিযোগ, পৌরসভার বলারদিয়ার গ্রামের গোলাম মোস্তফা এক মাস ধরে বিদ্যালয়ে আসা-যাওয়ার সময় তাকে বিরক্ত করে আসছিল। রোববার সকালে গণিত বিষয়ে পরীক্ষা দেওয়ার জন্য বাড়ি থেকে বিদ্যালয়ের উদ্দেশে স্নগুনা দেয় সে। পথে বখাটে মোস্তফা তার পথ রোধ করে অনৈতিক প্রস্তাব দেয়। রাজি না হলে পরীক্ষা দিতে দেবে না জানালে সে কাঁদতে কাঁদতে বাড়ি ফিরে যায়। এ ঘটনা এলাকায় ছড়িয়ে পড়লে জনরোষের আশঙ্কায় বখাটে গোলাম মোস্তফা ও তার পরিবার বাড়ির প্রধান গেটে তালা লাগিয়ে ভেতরে অবস্থান করছে বলে জানা গেছে।